আজকের কাগজ

তারিখ 22 DEC 1995 পৃষ্ঠা ২ কলাম ৫

১০২

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে অধ্যাপক আবদুর রাজ্জাক সভাপতি এবং ডঃ হাবিবুর রহমান সাধারণ সম্পাদক নির্বাচিত

গত বুধবার অনুষ্ঠিত বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১৯৯৬ সালের কার্যনির্বাহী পরিষদের নির্বাচনে যন্ত্রকৌশল বিভাগের অধ্যাপক ডঃ মোঃ আবদুর রাজ্জাক আকন্দ সভাপতি এবং পুরকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মোঃ হাবিবুর রহমান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। অধ্যাপক রাজ্জাক তার প্রতিদ্বন্দ্বী তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ আমিনুল হককে ৭০ ভোটের বিরাট ব্যবধানে (১৫৪-৮৪) পরাজিত করেন। অপরদিকে ডঃ হাবিবুর রহমান তার প্রতিদ্বন্দ্বী নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের সহযোগী অধ্যাপক আবদুর রহিমকে ১০ ভোটে (১২৪-১১৪) পরাজিত করেন।

সমিতির নব-নির্বাচিত অন্যান্য কর্মকর্তারা হলেন- সহ সভাপতি ডঃ আহসানুল কবীর, কোষাধ্যক্ষ ডঃ মোঃ আবদুর রশিদ, পত্রিকা সম্পাদক মোঃ নাজমুল আনোয়ার, প্রমোদ সম্পাদক মোঃ খায়রুল হাসান, সদস্য (৬ জন)-মোঃ আবদুল হাকিম খান, ডঃ জেএ নাসের, আশিকুর রহমান ভুঞা, ডঃ নজরুল ইসলাম, ডঃ মোঃ আবদুর রউফ এবং ডঃ মুহম্মদ জাকারিয়া। খবর বিজ্ঞপ্তি।